

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড,  
প্লট নং-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


তারিখ: ২৬ জুন ২০২৪

## শোকবার্তা

বিশিষ্ট ব্যবসায়ী জনাব কাউছ মিয়া ২৪ জুন সোমবার বার্ষিক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন। ইম্মা-লিল্লাহি-ওয়া ইম্মা ইলাইহি রাজিউন। জনাব কাউছ মিয়া ছিলেন বাংলাদেশের একজন বিশিষ্ট ব্যবসায়ী। হাকিমপুরী জর্দার স্বত্বাধিকারী এই ব্যবসায়ী তাঁর জীবদ্দশায় ২০১০-২০১১ করবর্ষ থেকে নিয়মিত সেরা করদাতা নির্বাচিত হয়ে আসছেন। গত করবর্ষেও ব্যবসায়ী ক্যাটাগরিতে তিনি সেরা করদাতা নির্বাচিত হয়েছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) তাঁকে মুজিববর্ষের সেরা করদাতা সম্মাননা দেওয়া হয়েছিলো।

২০২২-২৩ করবর্ষে সম্মানিত সেরা করদাতা হিসেবে জনাব কাউছ মিয়া জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়োজিত সেরা করদাতা সম্মাননা অনুষ্ঠানে অসুস্থ থাকার পরেও হইল চেয়ারে এসে সেরা করদাতার সম্মাননার ফ্রেস্ট ও সম্মাননা গ্রহণ করেছেন। দেশের অর্থনীতির উন্নয়নে একজন শিল্প উদ্যোক্তা হিসেবে পুরান ঢাকার এই বিশিষ্ট ব্যবসায়ীর অবদান অপরিসীম। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম এই সেরা করদাতার মৃত্যুতে গভীর শোক ও শ্রদ্ধা জানিয়েছেন। পাশাপাশি তিনি তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

উল্লেখ্য, এনবিআর চেয়ারম্যান জনাব কাউছ মিয়ার রাজস্ব আহরণের ক্ষেত্রে তাঁর বিশেষ অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলেন, জনাব কাউছ মিয়া বলতেন 'আমি দায়িত্ববোধ ও দেশপ্রেম থেকে কর দেই, আইনি বাধ্যবাধকতা থেকে নয়'। তাঁর এই কথা কর প্রদানের ক্ষেত্রে দেশের সচেতন নাগরিক ও সম্মানিত করদাতাদের উৎসাহিত এবং উদ্ধুদ্ধ করার পাশাপাশি রাজস্ব আহরণের কাজে নিয়োজিত রাজস্ব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের বিশেষভাবে অনুপ্রেরণা যোগাবে।

  
সৈয়দ এ মু'মেন  
পরিচালক (তথ্য)

ও  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় রাজস্ব বোর্ড